

যুগান্তর

প্রিন্ট: ১৬ জুন ২০২৬, ১২:৫৬ পিএম

শিক্ষাঙ্গন

পর্দা নিয়ে অবমাননাকর বক্তব্যের প্রতিবাদে জবি ছাত্রী সংস্থার মানববন্ধন

Advertisement



জবি প্রতিনিধি

প্রকাশ: ১৫ জুন ২০২৬, ০৯:৫৯ পিএম



সারা দেশে অব্যাহত শিশু নির্যাতন ও ধর্ষণের ঘটনা ঘটলেও এর যথাযথ বিচার নিশ্চিত হচ্ছে না বলেন বক্তারা।



পরবর্তী খেলা




ফ্রান্স

গ্রুপ আই

—

রাত ১টা



সেনেগাল

মেটলাইফ স্টেডিয়াম, নিউজার্সি, যুক্তরাষ্ট্র

পরবর্তী খেলাসমূহ


বুধবার ১৭ জুন ২০২৬



ইরাক

—

[গ্রুপ আই] ভোর ৪টা



নরওয়ে

জিলেট স্টেডিয়াম, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র


বুধবার ১৭ জুন ২০২৬



আর্জেন্টিনা

—

[গ্রুপ জে] সকাল ৭টা



আলজে...

অ্যারোহেড স্টেডিয়াম, কানসাস সিটি, যুক্তরাষ্ট্র

জাতীয় সংসদে বিরোধী দলের পর্দানশীন নারী এমপিদের নিয়ে বিএনপি সংসদ সদস্য মনিরুল হক চৌধুরীর অবমাননাকর বক্তব্য প্রদান এবং সাম্প্রতিক সময়ে দেশে অব্যাহত ধর্ষণের প্রতিবাদে মানববন্ধন করেছে বাংলাদেশ ইসলামী ছাত্রীসংস্থা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা।

সোমবার (১৫ জুন) বিশ্ববিদ্যালয়ের শান্ত চত্বরে এ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এ সময় জবি ছাত্রীসংস্থা সভানেত্রী ও জকসুর বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক সুখীমন খাতুন বলেন, সংসদ সদস্য মনিরুল হক কর্তৃক বিরোধী দলীয় নারী সদস্যদের পর্দা নিয়ে কটুক্তিমূলক বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। পোশাকের স্বাধীনতা সংবিধান স্বীকৃত হলেও দেশের সর্বোচ্চ আইনসভার একজন সদস্য এমন বক্তব্য দিয়ে তার নিচু মানসিকতার পরিচয় দিয়েছেন।

তিনি আরও বলেন, সারা দেশে অব্যাহত শিশু নির্যাতন ও ধর্ষণের ঘটনা ঘটলেও এর যথাযথ বিচার নিশ্চিত হচ্ছে না, যা অত্যন্ত উদ্বেগজনক।

মানববন্ধনে চার দফা দাবি তুলে ধরা হয়। দাবিগুলো হলো-

১. সংশ্লিষ্ট সংসদ সদস্যকে অবিলম্বে তার আপত্তিকর বক্তব্য প্রত্যাহার করে জাতির কাছে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করতে হবে।

২. সংসদের মর্যাদা ও সকল নাগরিকের সাংবিধানিক অধিকার রক্ষার্থে ভবিষ্যতে এ ধরনের অবমাননাকর ও কুরূচিপূর্ণ মন্তব্যের পুনরাবৃত্তি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য স্পিকারের প্রতি আহ্বান জানানো হয়।

৩. নারীকে তার পোশাক বা ধর্মীয় পরিচয় দিয়ে নয়, একজন পূর্ণাঙ্গ নাগরিক হিসেবে সম্মান করার সংস্কৃতি গড়ে তোলার জন্য সকল রাজনৈতিক দল ও জনপ্রতিনিধিদের প্রতি আহ্বান জানানো হয়।

৪. ধর্ষণ ও নারী-শিশু নির্যাতনের বিরুদ্ধে দ্রুত বিচার, কার্যকর প্রতিরোধ এবং ভুক্তভোগীদের নিরাপত্তা নিশ্চিত করতে রাষ্ট্রের সংশ্লিষ্ট সকল সংস্থার প্রতি জোর দাবি জানানো হয়।

মানববন্ধনে বাংলাদেশ ইসলামী ছাত্রী সংস্থা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।